# ইষ্টার্ন কেবল্স্ লিমিটেড

## পতেঙ্গা, চট্টগ্রাম।

(বৈদ্যুতিক নিরাপত্তা ও দীর্ঘস্থায়ীত্বের জন্য আন্তর্জাতিক মানের ইষ্টার্ন কেবলস্ ব্যবহার করুন)

## ঃ সিএন্ডএফ এজেন্ট নিয়োগ বিজ্ঞপ্তি ঃ

ইষ্টার্ন কেবল্স্ লিমিটেড, পতেঙ্গা, চট্টগ্রাম কর্তৃক আমদানিতব্য মালামাল চট্টগ্রাম সমুদ্র বন্দর, বেনাপোল স্থলবন্দর এবং চট্টগ্রাম বিমান বন্দর ও ঢাকা বিমান বন্দর, হতে খালাসের নিমিত্তে ৫(পাচ) বৎসরের সরকারী কাজের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন এবং চট্টগ্রামে যাহাদের অফিস আছে এমন কাষ্টমস্ লাইসেন্সধারী সিএন্ডএফ এজেন্টদের নিকট হতে ৩(তিন) বৎসরের জন্য সিএন্ডএফ এজেন্ট নিয়োগের জন্য সীলমোহরযুক্ত টেন্ডার আহবান করা যাচ্ছে। আগামী ১৩-০৪-২০২৩খ্রিঃ তারিখ টেন্ডার সিডিউল প্রগতি ইন্ডাষ্ট্রীজ লিমিটেড, ফিনলে হাউজ, আগ্রাবাদ, চট্টগ্রাম ও ইষ্টার্ন কেবলস লিমিটেড এ বেলা ১১.০০ ঘটিকা পর্যন্ত গ্রহন করা হবে। ১২.০০ ঘটিকার সময় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) ইষ্টার্ন কেবল্স্ লিমিটেড, পতেঙ্গা, চট্টগ্রাম এ খোলা হবে। টেন্ডারের অংশগ্রহনে ইচ্ছুক দরদাতাদেরকে দরপত্রের সহিত প্রগতি ইন্ডাষ্ট্রীজ লিমিটেড, ফিনলে হাউজ, আগ্রাবাদ, চট্টগ্রাম অথবা ইষ্টার্ন কেবল্স্ লিমিটেড, পতেঙ্গা, চট্টগ্রাম এর অনূকুলে কোন সিডিউল ব্যাংক হতে টাকা: ৩০,০০০.০০ (ত্রিশ হাজার টাকা) মাত্র এর একখানা পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট আর্নেষ্টমানি (ফেরত যোগ্য) হিসাবে জমা দিতে হবে। টেন্ডার সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ১২-০৪-২০২৩খ্রিঃ পর্যন্ত।

বিস্তারিত শর্ত ও নিয়মাবলী সমেত টেন্ডার দলিল নগদ টাকা ৫,০০০.০০ (পাঁচ হাজার টাকা) মাত্র মূল্য (অফেরতযোগ্য) সকল কার্যকালীন দিবসে নিম্নলিখিত অফিস সমূহ হতে সংগ্রহ করা যাবেঃ

১। ক্যাশ সেকশন, ইষ্টার্ন কেবল্স্ লিমিটেড, পতেঙ্গা, চট্টগ্রাম।

২। ক্যাশ সেকশন, প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড, ফিনলে হাউজ, ১১- আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম।

বিঃ দ্রঃ টেন্ডার খোলার তারিখে কোন টেন্ডার দলিল বিক্রয় করা হবে না।

**(কাজী রকিবুল ইসলাম)**
ক্রয় বিভাগীয় প্রধান
পক্ষে ব্যবস্থাপনা পরিচালক

ইষ্টার্ন কেবলস্ লিমিটেড
# EASTERN CABLES LIMITED
North Patenga, Chittagong – 4204, Bangladesh

(ফোন নং- ০২৩৩৩৩০১২৯১, ০২৩৩৩৩০১২৯৬, ফ্যাক্স- ৮৮-০২৩৩৩৩০১২৯২/মেইলঃ purchase.easterncables@gmail.com)

সূত্র নং- ইসি/পার/এসএইচ-৫০৪/সি-১৪ তারিখঃ ২০-০৩-২০২৩

**দরপত্র দলিলের মূল্য- ৫,০০০.০০ টাকা (অফেরতযোগ্য)**

**বিষয়ঃ সিএন্ডএফ এজেন্ট নিয়োগের জন্য দরপত্র আহবান।**

## - ঃ দরপত্র দলিলের শর্তাবলী ঃ-

১। ইষ্টার্ন কেবল্স্ লিমিটেড কর্তৃক ৩ বৎসরের জন্য আমদানীতব্য পণ্য চট্টগ্রাম সমুদ্র বন্দর, বেনাপোল স্থল বন্দর, ঢাকা শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর এবং চট্টগ্রাম শাহ-আমানত বিমান বন্দর হতে খালাস ও পরিবহনার্থে সিএন্ডএফ এজেন্ট নিয়োগের জন্য ৩ টি সরকারী/আধা-সরকারী স্বায়ত্বশাসিত সংস্থায় কাজ করার কমপক্ষে ৫ বৎসর অভিজ্ঞতা সম্পন্ন চট্টগ্রাম ভিত্তিক প্রকৃত সিএন্ডএফ এজেন্ট হতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

২। সীলমোহরযুক্ত খামের উপর 'ইষ্টার্ন কেবল্স লিমিটেড' সিএন্ডএফ টেন্ডার' লিখে দরপত্র অবশ্যই আগামী ১৩-০৪-২০২৩ইং তারিখ বেলা ১১.০০ ঘটিকার মধ্যে নিম্নোক্ত ঠিকানায় টেন্ডার বাক্সে দাখিল করতে হবেঃ-

**ক। ক্রয় বিভাগীয় প্রধান, ইষ্টার্ন কেবলস্ লিমিটেড, পতেঙ্গা, চট্টগ্রাম।**
**খ। প্রগতি ইন্ডাষ্ট্রীজ লিমিটেড, ফিনলে হাউজ (৩য় তলা), ১১, আগ্রাবাদ, চট্টগ্রাম।**

৩। ডাকযোগে প্রেরিত দরপত্র গ্রহনযোগ্য হবে যদি তাহা নিদিষ্ট তারিখ ও সময়ের মধ্যে পৌছায় (নিদিষ্ট তারিখ ও সময়ের মধ্যে পৌছাবার দায়িত্ব দরদাতার উপর ন্যস্ত থাকবে)। নিদ্দির্ষ্ট সময়ের পূর্বে ডাকযোগে প্রাপ্ত দরপত্র/দরপত্রসমূহ প্রাপক টেন্ডার বাক্সে ফেলবেন।

৪। দরপত্র খোলার তারিখ ও সময় ঃ ১৩-০৪-২০২৩ তারিখ বেলা ১২.০০ ঘটিকা। দরদাতাগনের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) প্রগতি ইন্ডাষ্ট্রীজ লিমিটেড, ফিনলে হাউজ, আগ্রাবাদ, চট্টগ্রাম এবং ইষ্টার্ন কেবল্স্ লিমিটেড, পতেঙ্গা, চট্টগ্রাম ক্রয় বিভাগে দরপত্র খোলা হবে। অনিবার্য কারণবশত: নিদ্দির্ষ্ট তারিখে দরপত্র গ্রহন ও খোলা সম্ভব না হলে পরবর্তী কার্যদিবসে ঐ একই সময় এবং স্থানে গ্রহন ও খোলা হবে। নিদ্দির্ষ্ট সময়ের পরে অর্থাৎ বিলম্বে প্রাপ্ত দরপত্র এবং টেন্ডার বাক্স ব্যতীত অন্য কোন স্থানে/দপ্তরে প্রাপ্ত দরপত্র গ্রহন করা হবে না।

৫। দরপত্র দাখিল/খোলার তারিখে কোন টেন্ডার সিডিউল বিক্রয় করা হবে না।

৬। **দরপত্রের সঙ্গে নিম্নেবর্ণিত দলিলাদি সংযুক্ত করতে হবে ঃ-**

(ক) সিএন্ডএফ এজেন্ট/মাল খালাসকারী হিসাবে কমপক্ষে ৫ (পাচ) বৎসরের অভিজ্ঞতা রয়েছে এই মর্মে চট্টগ্রাম সমুদ্র বন্দর, বেনাপোল স্থল বন্দর, ঢাকা শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর এবং চট্টগ্রাম শাহ-আমানত বিমান বন্দর শুল্ক ও বন্দর কর্তৃপক্ষের নিকট হতে বৈধ সনদপত্রের সত্যায়িত কপি।

(খ) ইষ্টার্ন কেবল্স্ লিমিটেড এর অনুকূলে দরপত্রের সাথে যে কোন সিডিউল ব্যাংক হতে ৩০,০০০/= (ত্রিশ হাজার মাত্র) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি আর্নেষ্টমানি আকারে প্রদান করতে হবে। অকৃতকার্য দরদাতাকে প্রদত্ত আর্নেষ্টমানি ফেরত দেওয়া হবে। আর্নেষ্টমানি ব্যতীত যে কোন দরপত্র বাতিল বলে বিবেচিত হবে।

(গ) এতদসঙ্গে সংযুক্ত সিডিউল/তফসিল 'বি' এর অনুরূপ কোন তফসিল ব্যাংক হতে একটি লেটার অব এস্যুরেন্স এর মূল কপি।

(ঘ) দরপত্র প্রদানকারী সিএন্ডএফ এজেন্ট এর দপ্তরের/অফিসের পূর্ণ ঠিকানা সহ কর্মকর্তা/কর্মচারীদের নাম, পদবী এবং টেলিফোন, ফ্যাক্স, ও ইন্টারনেট নম্বর/নম্বর সমূহ।

**চলমান পাতা-২**

(ঙ) দরপত্র দলিল ক্রয় সংক্রান্ত টাকার মূল রশিদ।

(চ) টিআইএন নম্বর উল্লেখ পূর্বক সম্প্রতি পরিশোধিত আয়কর সার্টিফিকেট।

(ছ) সরকারী/আধা-সরকারী প্রতিষ্ঠানে সিএন্ডএফ এজেন্ট/মালামাল খালাসকারী হিসাবে কাজ করার কমপক্ষে ৫ (পাচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে (অভিজ্ঞতা সনদটি অবশ্যই টেন্ডার দাখিলের পূর্বের ৩ মাসের মধ্যে হতে হবে)। যে সমস্ত সরকারী, আধা সরকারী এবং স্বায়ত্বশাসিত সংস্থায় বিগত ৫ বৎসর কিংবা ৫-৭ বৎসরের অধিক সময় সিএন্ডএফ এজেন্ট হিসাবে কাজ করা হয়েছে, তিনটি সরকারী প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের নিকট হতে সিএন্ডএফ কাজের পারফরমেন্স সার্টিফিকেট এর সত্যায়িত কপি অবশ্যই দাখিল করতে হবে অন্যথায় তাহার দাখিলকৃত দরপত্র বাতিল বলে গন্য হবে।

(জ) কমপক্ষে দুই জন কাষ্টম ও দুইজন জেটি সরকারের লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি অবশ্যই দাখিল করতে হবে।

৭। দরদাতাদের প্রতিটি আইটেমের বিপরীতে আলাদাভাবে দর উদ্ধৃত করতে হবে। কোন আইটেমের দর অনুদ্বৃত থাকলে দরপত্র বাতিল বলে গন্য হবে।

৮। কোন অবস্থাতেই চুক্তিবদ্ধ সময়কালের মধ্যে কোন দর বর্ধিত করা হবে না।

৯। দরদাতাগণকে দরপত্র সংলগ্ন তফসিল 'ক' এর ছকে দর উদ্ধৃত করতে হবে।

১০। **কাজের ধরণ** ঃ-

(ক) নিয়োগকৃত সিএন্ডএফ এজেন্টকে সম্ভাব্য স্বল্প সময়ের মধ্যে আমদানীতব্য সমুদয় পণ্যের কাষ্টম এবং বন্দর সংক্রান্ত যাবতীয় কাজ অতি দ্রুততার সাথে সম্পন্ন করে মালামাল অত্র কোম্পানীর নিজস্ব ভান্ডারে/বন্ড গুদামে পৌঁছাতে হবে।

১১। **কমিশন এবং রেইট** ঃ-

(ক) শুধুমাত্র অনুমোদিত/স্বীকৃত রেইট ও কমিশনে নিয়োগপ্রাপ্ত সিএন্ডএফ এজেন্টকে সংশ্লিষ্ট সিএন্ডএফ কাজের জন্য প্রদান করা হবে। ইহা কোন অবস্থাতে চুক্তিকালীন সময়ের মধ্যে পরিবর্ধন, পরিবর্তন বা বদলানো হবে না।

১২। নিয়োজিত সিএন্ডএফ এজেন্ট এর নিকট হতে সময়মত ফরমায়েসপত্র দাখিল করার ভিত্তিতে নিম্নবর্ণিত প্রকৃত খরচ সমূহ যথাযথ কর্তৃপক্ষকে সরাসরি পরিশোধ করা হবে।
(ক) বহিঃ শুল্ক, কাষ্টম ডিউটি, ভ্যাট, লাইসেন্স ফি ও অগ্রীম আয়কর, আই.ডি.এস.সি।
(খ) পূর্ত খরচ (যদি থাকে)। (গ) ওসেন ফ্রেইট (যদি থাকে)। (ঘ) শিপিং এজেন্টকে দেয় কন্টেইনার চার্জ।

১৩। সিএন্ডএফ এজেন্টকে প্রাথমিক ভাবে নিম্নবর্ণিত খরচাদি বহন/পরিশোধ করতে হবে ঃ-
(ক) কাষ্টম পেনাল্টি, (খ) বন্দর ডেমারেজ, (গ) জেটি হোয়ার্ফরেন্ট, (ঘ) জায়গা ভাড়া (ঙ) উত্তোলন খরচ, (চ) খালাস খরচ, (ছ) এলপিসি ও সিসি, (জ) নৈশকালীন ডেলিভারীর জন্য কাষ্টম কর্তৃপক্ষের অনুমতির ফিস এবং (ঝ) পোর্ট চার্জ যেমন রিভার ডিউজ, ল্যান্ডিং খরাচাদি এবং যে কোন প্রকার স্বাভাবিক ও নিয়মিত পোর্ট চার্জ।
সিএন্ডএফ এজেন্ট কর্তৃক সংশ্লিষ্ট কনসাইনমেন্ট সম্পূর্ন সরবরাহের পর তাদের কমিশন বিলের সাথে এবং যাবতীয় খরচের ভাউচার প্রদানের পর বর্ণিত খরচাদি নির্ভুল প্রমাণ সাপেক্ষে পরিশোধ করা হবে।

১৪। সিএন্ডএফ এজেন্টকে সরাসরি জাহাজ/ভেসেল হতে মাল ডেলিভারী নেওয়ার জন্য সবরকম ব্যবস্থা করতে হবে, যাহাতে ডাম্পিং চার্জ, ডেমারেজ, হোয়ার্ফরেন্ট, হোয়েষ্টিং চার্জ ইত্যাদি এড়ানো যায় অন্যথায় উক্ত চার্জ তাহাদের উপর বর্তাবে।

১৫। লেটার অফ এওয়ারর্ডস ইস্যু হওয়ার ১০(দশ) দিনের মধ্যে জামানত/সিকিউরিটির টাকা অবশ্যই ব্যাংক গ্যারেন্টি আকারে দাখিল করতে হবে। অন্যথায় ধরে নেওয়া হবে যে, সিএন্ডএফ এজেন্ট কোনরূপ চুক্তিবদ্ধ হতে রাজি নহে। এই রকম অবস্থায় দরপত্রের সঙ্গে দাখিলকৃত বায়নার টাকা/আর্নেষ্টমানি কোন রকম নোটিশ ছাড়াই বাজেয়াপ্ত করা হবে।

চলমান পাতা-৩

১৬। **নিয়োগের মেয়াদ কাল** ঃ-

(ক) এই নিয়োগ ৩ (তিন) বৎসর সময়কালের জন্য হবে। তবে প্রতি ৬ (ছয়) মাস অন্তর সিএন্ডএফ এজেন্টের কার্যক্রম পর্যালোচনা করা হবে এবং সন্তোষজনক কর্মসম্পাদনে ব্যর্থ হলে ১৭ (ক) শর্ত মোতাবেক ব্যবস্থা গৃহীত হবে।

১৭। **রিভিউ ঃ-**

(ক) ছয়মাস অন্তর ইষ্টার্ন কেবলস্ লিমিটেড কর্তৃক সিএন্ডএফ এজেন্টের কার্যকলাপ রিভিউ করা হবে। পারফরমেন্স রিভিউ এবং বিচার বিবেচনার জন্য প্রতিষ্ঠান কর্তৃপক্ষই একমাত্র বৈধ কর্তৃপক্ষ। চুক্তির মেয়াদের মধ্যে কোন রকম কারণ দর্শানো ব্যতিরেকে সিএন্ডএফ এজেন্ট এর অস-ধাচরন/অসন্তোষজনক কার্যকলাপের কারণে ৩০(ত্রিশ) দিনের নোটিশে নিয়োগ/চুক্তি বাতিল করার ক্ষমতা একমাত্র ইষ্টার্ন কেবলস্ কর্তৃপক্ষই সংরক্ষণ করেন।

১৮। সিএন্ডএফ এজেন্টকে চুক্তি শুরুর তারিখ হতে পরবর্তী ৪০(চল্লিশ) মাসের জন্য যে কোন সিডিউল ব্যাংক হতে টাকাঃ ৫,০০,০০০/-(পাচঁ লক্ষ মাত্র) টাকার আনকন্ডিশনাল ব্যাংক গ্যারেন্টি (Un-conditional Bank Guarantee) জামানত হিসাবে দাখিল করতে হবে। হিসাব নিকাশ শেষ না হওয়া পর্যন্ত জামানতের টাকা প্রতিষ্ঠানের হেফাজতে থাকবে এবং কার্যকালীন সময়ে সিএন্ডএফ প্রতিষ্ঠানের কোন কাজে প্রতিষ্ঠানের কোন রকম ক্ষতির কারণ হলে, তাহা আদায়ের লক্ষ্যে ঐ টাকার আংশিক অথবা সমুদয় টাকা বাজেয়াপ্ত করা হবে। জামানতের টাকার অতিরিক্ত পরিমাণ ক্ষতি হলে সিএন্ডএফ এজেন্টের বিল হতে অথবা তাহাদের অন্যকোন পাওনা হতে অথবা তাহাদের নিকট হতে এই অর্থ আদায়ের জন্য যে কোন পদক্ষেপ গ্রহণ করার ক্ষমতা একমাত্র ইষ্টার্ন কেবলস লিমিটেড কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। জামানতের টাকা গ্রহণ করার পর কৃতকার্য সিএন্ডএফ এজেন্টের বায়নার টাকা ফেরত দেওয়া হবে।

১৯। বায়না ও জামানতের টাকার উপর কোন প্রকার সুদ প্রদান করা হবে না।

২০। **নিয়োগের শর্ত** ঃ-

সমস্ত কনসাইনমেন্ট (মাল/পণ্য) দ্রুত খালাস এবং প্রতিষ্ঠানকে সরবরাহের জন্য সিএন্ডএফ এজেন্ট দায়ী থাকিবেন এবং মালামাল সরবরাহের পর এতদ্সংক্রান্ত খরচের সঠিক হিসাব (যাহা প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধ করা হবে) বিস্তারিত ভাবে ভাউচারের মাধ্যমে দাখিল করতে হবে। এই সমস্ত ভাউচার কর্তৃপক্ষ পরীক্ষা নিরীক্ষার পর গ্রহণযোগ্য/সঠিক মনে করলে পরিশোধ করবেন। কর্তৃপক্ষের পূর্ণ সন্তুষ্টি এবং স্বার্থের জন্য সিএন্ডএফ এজেন্ট সমুদয় করণীয় কার্য সম্পাদন করবেন/করতে বাধ্য থাকবেন। যেমনঃ-

(ক) সময়মত জাহাজী দলিল/শিপিং ডকুমেন্ট হস্তগত না হওয়ার ক্ষেত্রে সিএন্ডএফ এজেন্টকে বরাদ্দকৃত মাল/পণ্য খালাসের জন্য যাহাতে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা যায় সে জন্য জাহাজ কোম্পানী এবং এজেন্টদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করাসহ কাষ্টম ও বন্দর কর্তৃপক্ষের সমস্ত নিয়ম পালন পূর্বক দ্রুত মাল খালাসের নিশচয়তা বিধান করা।

(খ) শিপিং মেনিফেষ্ট, বিল অব ল্যাডিং, ইনভয়েস এবং অন্যান্য ডকুমেন্ট'স এর সাথে শিপিং মার্কস এ মিল আছে কিনা তাহা সতর্কতার সাথে দেখা। কোনরকম গরমিল পাওয়া গেলে উহা সংশোধন করার জন্য সিএন্ডএফ এজেন্ট কর্তৃক ব্যবস্থা গ্রহণ করা, যাহাতে মাল খালাসে কোনরূপ বিলম্ব না হয়। ডকুমেন্ট সংশোধনীতে অথবা ভুল/শূন্য মার্কস্ এর কারণে অবাঞ্চিত দেরী হলে সিএন্ডএফ এজেন্টকে দায়ী করা হবে এবং এ জন্য আর্থিক ক্ষতি হলে উহাও সিএন্ডএফ এজেন্ট এর হিসাবে গণ্য হবে।

(গ) জাহাজ হতে পণ্য আনলোডিং এর সময় সিএন্ডএফ এজেন্টকে অত্যন্ত সর্তক থাকাসহ কোন কার্গো ড্যামেজ অথবা কম প্রাপ্তি/সর্ট ল্যাডিং হলে অতিদ্রুত অত্র প্রতিষ্ঠানকে খবর প্রদান সাপেক্ষে শিপিং কোম্পানীর সাথে সময়মত জয়েন্ট সার্ভের ব্যবস্থা করা। অনুমোদিত সময়ের মধ্যে নিয়ম পালন পূর্বক যথাস্থানে দাবী পেশ করা।

(ঘ) জয়েন্ট সার্ভে সম্ভব না হলে ইসিএল কর্তৃক মনোনীত সার্ভেয়ারের সাথে সিএন্ডএফ এজেন্ট কর্তৃক সার্ভের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এই ব্যাপারে নিম্নেবর্ণিত কর্মকর্তাদেরকে পূর্বাহ্নে জানাতে হবেঃ
১। ক্রয় বিভাগীয় প্রধান, ইষ্টার্ন কেবলস্ লিমিটেড, চট্টগ্রাম। ২। হিসাব বিভাগীয় প্রধান, ইষ্টার্ন কেবলস্ লিমিটেড, চট্টগ্রাম।

চলমান পাতা-৪

উপরোক্ত তথ্য প্রদান কালে সিএন্ডএফ এজেন্ট কর্তৃক অবশ্যই বিলঅফলেডিং নম্বর, জাহাজের নাম এবং যে সমস্ত কেইস/কয়েল/প্যালেট/ব্যাগ সার্ভে করা হবে সেইগুলির নম্বর, ক্রয়াদেশ নাম্বার এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা।

(ঙ) চট্টগ্রামে বর্হিনোঙ্গরে কোন কনসাইনমেন্ট আনলোডিং হচ্ছে কিনা তাহা দেখা/জানার জন্য সিএন্ডএফ এজেন্ট কর্তৃক জাহাজ কোম্পানীর সহিত সার্বক্ষনিক যোগাযোগ রক্ষা করা এবং কখন ও কোথায় ল্যান্ডিং হচ্ছে সেস্থান ও সময়/তারিখ জানিয়া সিএন্ডএফ এজেন্ট কর্তৃক ইষ্টার্ন কেবলস্ লিমিটেড কর্তৃপক্ষকে অবহিত করা।

(চ) সিএন্ডএফ এজেন্ট কর্তৃক প্রতিষ্ঠানের প্রয়োজনে বিমান ও ডাকযোগে আসা কার্গোসমূহ চট্টগ্রাম/বেনাপোল/ঢাকা হতে খালাস করা।

(ছ) সর্ট ডেলিভারীর ক্ষেত্রে সিএন্ডএফ এজেন্ট কর্তৃক সাব/প্যারা (খ) অনুসারে বীমা কোম্পানী এবং আমাদিগকে নিম্নবর্ণিত তথ্যগুলি সঙ্গে সঙ্গে জানানো ঃ-
১। জাহাজের নাম ২। বিল অব লেডিং ৩। কমপ্রাপ্ত কেইস/প্যাকেজ/ব্যাগ/কয়েল/কার্গো এর নং ও পরিমাণ ৪। ক্রয়াদেশ নং ও তারিখ।

(জ) কার্গো কম প্রাপ্তি বা সর্ট ল্যান্ডিং হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এবং শিপিং কোম্পানীর নিকট দাবী/ক্লেইম পেশ/ফাইল করা এবং কম প্রাপ্তির ব্যাপারে বন্দর কর্তৃপক্ষের নিকট হতে সর্ট ল্যান্ডিং সার্টিফিকেট সময়মত সংগ্রহ করা, যাহা ব্যতীত সিএন্ডএফ এজেন্ট বিল পরিশোধ করা হবে না। এবং ইষ্টার্ন কেবলস্ লিমিটেড প্রয়োজনানুসারে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

(ঝ) কোন প্যাকেট/পেলেট/প্যাকেজ/বাক্স/কেসের মেরামত বা পুনঃ প্যাকিং এর প্রয়োজন দেখা দিলে ইষ্টার্ন কেবলস লিমিটেড এর ক্রয় বিভাগীয় প্রধান এবং হিসাব বিভাগীয় প্রধানকে যথাপূর্বে জানানো।

(ঞ) কোন কনসাইনমেন্ট বন্দরে আসার সঙ্গে-সঙ্গে যাহাতে নির্দিষ্ট সময়ের মধ্যে খালাস করানো যায় এবং কোম্পানী যাহাতে পাওনা পরিশোধ করতে পারেন সেজন্য কাষ্টম এবং বন্দর কর্তৃপক্ষের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা। সময়মত তথ্য সরবরাহে ব্যর্থ হলে যেকোন প্রকার আর্থিক ক্ষতি/জরিমানা ইত্যাদির জন্য সিএন্ডএফ এজেন্টকে দায়ী করা হবে।

(ট) কোন কারণে পণ্য খালাস করতে বিলম্ব হলে, ইহা সিএন্ডএফ এজেন্ট কর্তৃক ইসিএল এর ক্রয় বিভাগীয় প্রধান এর গোচরীভূত করা এবং তাহার সাথে আলোচনার ভিত্তিতে জায়গা ভাড়া নেওয়ার জন্য দরখাস্ত করা (খোলা/আবৃত /ঢাকা স্থানের জন্য যাহা মালের ধরণ বা অবস্থার উপর নির্ভর করে)। ভাড়া করা স্থানে কার্গো স্থানান্তরের পূর্বে কোন রকম দেরী না করে প্রতিষ্ঠানের ক্রয় বিভাগীয় প্রধানকে জানানো।

(ঠ) জাহাজ অথবা বিমান হতে মাল খালাসসহ উহা কোম্পানীর নিদিষ্ট ভান্ডারে পৌছিয়ে দেওয়ার সমস্ত দায়-দায়িত্ব সিএন্ডএফ এজেন্টের এবং ইহাতে কোন ক্ষতি হলে তাহাও সিএন্ডএফ এজেন্ট এর উপর বর্তাবে।

(ড) কয়েল/কেস/বাক্স/প্যালেট্স/ড্রাম/বস্তা অথবা আঁটি/বান্ডেল যেকোন ধরণের কার্গো হোক না কেন সিএন্ডএফ এজেন্ট ঠিক আমদানীকৃত প্যাকিং অবস্থায়ই ইষ্টার্ন কেবলস লিমিটেড এর নিজস্ব অভ্যন্তরে/গুদামে পৌঁছিয়ে দিবেন।

(ঢ) বাল্ক কার্গো সিএন্ডএফ এজেন্ট কর্তৃক তাহাদের তত্বাবধানে ও দায়-দায়িত্বে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের স্কেলে ওজন করায়ে যথারীতি বন্দর কর্তৃপক্ষের নিকট হতে ওয়েমেন্ট সার্টিফিকেট আমাদের বরাবরে প্রদান করা।

(ণ) খালাসকৃত পণ্য/কার্গো সিএন্ডএফ এজেন্ট কর্তৃক ত্রিপল দ্বারা আবৃত করে ট্রাক যোগে তাহাদের নিজস্ব সিকিউরিটির মাধ্যমে বন্দর হতে কোম্পানীর ভান্ডারে পৌঁছিয়ে দেওয়া।

(ত) আনলোডিং পয়েন্টে কেমিক্যাল জাতীয় এবং অন্যান্য পণ্য খালাস করতে হুক ব্যবহারের ফলে পণ্য ড্যামেজ হবার সম্ভাবনা থাকলে শিপিং এজেন্ট এবং ষ্টিভেডর কর্তৃক হুক ব্যবহার ছাড়াই মাল খালাস করানোর ব্যবস্থা নেওয়া। এই সমস্ত পণ্য রক্ষা কল্পে সিএন্ডএফ এজেন্ট কে অবশ্যই যত্নবান হওয়া। সিএন্ডএফ এজেন্ট কর্তৃক আপত্তি পেশ করার পরও যদি হুক ব্যবহার করা হয় তাহলে অনতিবিলম্বে কোম্পানীর ক্রয় বিভাগীয় প্রধানকে লিখিতভাবে এবং ব্যক্তিগতভাবে অবহিত করে তড়িৎ ব্যবস্থা গ্রহণ করা। অন্যথায় এই ব্যাপারে সিএন্ডএফ এজেন্ট দায়ী থাকবেন।

(থ) ইষ্টার্ন কেবলস লিমিটেড কর্তৃক বিভিন্ন সময় দেয় আদেশ/নির্দেশাবলী সিএন্ডএফ এজেন্ট অবশ্যই মেনে চলতে বাধ্য থাকবে।

(দ) ক্রয় বিভাগীয় প্রধান বা তাহার অধীনস্থ ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা যখন যেভাবে নির্দেশ দেন, সিএন্ডএফ এজেন্ট তাহা মেনে চলা। বন্ডেড ওয়্যার হাউজ হতে কনসাইনমেন্ট সমূহ ক্লিয়ারেন্সের ব্যাপারে যাবতীয় ব্যবস্থা গ্রহণ করে মালামাল ছাড় করানোসহ আনুষাঙ্গিক অন্যান্য বিষয়ও সম্পন্ন করা।

**চলমান পাতা-৫**

(ধ) সিএন্ডএফ এজেন্ট কর্তৃক বন্ডেড ওয়্যার হাউজ হতে কনসাইনমেন্ট খালাস করণের সময় পর্যন্ত কাস্টম বন্ড অফিসারের সহিত ঘনিষ্ট যোগাযোগ রক্ষা করা। বন্ড অফিসারের সহিত সমন্বয় রক্ষা করে তাহাদিগকে বন্ডেড ওয়্যার হাউজে/গুদামে/ষ্টক ইয়ার্ডে কার্গো রাখার ব্যবস্থা করা। সংশ্লিষ্ট কাস্টম অফিসারদের দ্বারা প্রাপ্য এসেসমেন্ট, নোটিং এবং রেকর্ড করে নেওয়ার জন্যও তাহারা দায়ী থাকবেন।

ইষ্টার্ন কেবলস লিমিটেড কর্তৃক যখন যেভাবে নির্দেশ প্রদান হয়/হবে সিএন্ডএফ এজেন্ট কর্তৃক সেভাবে কাস্টম শাখার সহিত এক্স বন্ডিং সহ মাল খালাসের/ক্লিয়ারেন্স এর ব্যবস্থা করা। ইনবন্ড এর সময়ের জন্য ইষ্টার্ন কেবলস্ লিমিটেড কর্তৃপক্ষ এমওটি বিল পরিশোধ করবে এবং এক্সবন্ড-ইনবন্ডের সাথে সম্পর্কিত সকল প্রকার খরচাদি সিএন্ডএফ এজেন্টকে বহন করতে হবে। কাষ্টম অফিসিয়ালদের দ্বারা সমস্ত ক্লিয়ারেন্সের ব্যাপারে প্রয়োজনীয় কাগজপত্রের সঠিক কর্ম সম্পাদনের পর বুঝে নেবার জন্য তারাই দায়ী থাকবেন। পোর্ট/বন্দর কর্তৃপক্ষের দেওয়া ফ্রি টাইমের মধ্যে সিএন্ডএফ এজেন্ট কর্তৃক কনটেইনারে আগত কার্গো/অন্যান্য কার্গো ক্লিয়ারেন্সের ব্যাপারে বন্দর কর্তৃপক্ষ এর কাষ্টম বিভাগের সাথে প্রয়োজনীয় সর্বপ্রকার ফরমালিটিস এর ব্যবস্থা করা। তাদেরকে সম্পূর্ণ সজাগ থাকতে হবে, যাহাতে কনটেইনার খালাসের ব্যাপারে কোন রকম অতিরিক্ত অর্থ প্রদান করিতে না হয় এবং শিপিং এজেন্ট কর্তৃক ভুল ডিক্লারেশন জনিত ক্লিয়ারেন্স এ দেরী হইলে সিএন্ডএফ এজেন্ট কর্তৃক প্রতিষ্ঠানকে ইনটিমেশন দেওয়া সাপেক্ষে উহা সংশোধন করে নেওয়া।

কনটেইনার কার্গো/যেকোন কার্গো ডেলিভারীর সময়ে ইষ্টার্ন কেবলস লিমিটেড কর্তৃপক্ষ প্রয়োজন বোধে স্কেলে ওজন করার নির্দেশ দিলে সিএন্ডএফ এজেন্ট কর্তৃক প্রতি ট্রাকের ওজনকল্পে জেটি স্কেলে উপস্থাপন করা এবং প্রত্যেক ট্রাকের চালানের উপর উহা রেকর্ড করা/করানো। ওজন করতে কোন গাফলতি হলে বা ইহাতে কোন আর্থিক ক্ষতি হলে সিএন্ডএফ এজেন্ট ইষ্টার্ন কেবলস্ লিমিটেড এর ধার্যকৃত পরিমাণ অর্থ ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে। পোর্ট স্কেলের কোন রকম অসুবিধার কারণে ওজনে হেরফের হলে সিএন্ডএফ এজেন্টকে অত্যন্ত ক্ষিপ্রতার সাথে উহা ইষ্টার্ন কেবলস লিমিটেডের ক্রয় বিভাগীয় প্রধানকে জানাতে হবে এবং তাহার দেওয়া পরামর্শ নিয়ে এই সমস্যার মোকাবেলা করা।

সিএন্ডএফ এজেন্টকে বরাদ্দকৃত কাজের জন্য তাহাদের কর্তৃক প্রতিদিন টেলিফোনে এবং লিখিতভাবে ইর্ষ্টান কেবলস্ লিমিটেড এর ক্রয় বিভাগীয় প্রধান/ডিলিং অফিসারেকে কে কাজের অগ্রগতি সম্পর্কে তথ্য প্রদান করা। সরাসরি ডেলিভারী/সরবরাহ নেওয়ার প্রাক্কালে সিএন্ডএফ এজেন্ট কর্তৃক জাহাজের মাল পরিবহনের জন্য যথেষ্ট সংখ্যক ট্রাক প্রদানের ব্যবস্থা করা। সরাসরি ডেলিভারী নেয়ার জন্য প্রয়োজনীয় সংখ্যক ট্রাক প্রদান না করার কারণে কার্গো ডাম্পিং হলে বা মালের অন্য কোন রকম ক্ষতি হলে সিএন্ডএফ এজেন্ট কে সম্পূর্ণরূপে দায়ী করা হবে এবং এতসংক্রান্ত সম্পূর্ন ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে।

ন) খালাসকৃত পণ্য সবসময় উন্নতমানের ট্রাক দ্বারা বহন করার পাশাপাশি ধীরগতি সম্পন্ন গাড়ী পরিবহন কাজে ব্যবহার না করা।

২১। **রিফান্ড ক্লেইমঃ**

(ক) সর্ট ল্যান্ডিং, কমপ্রাপ্ত, খারাপ/ডেমেজ সংক্রান্ত ব্যাপারে আংশিক ভাবে ডিউটি, সেলস ট্যাক্স, ল্যান্ডিং চার্জ, রিভার ডিউজ, ওয়েমেন্ট চার্জ ইত্যাদির কোন ক্লেইম/দাবী পেশ করতে হলে নিম্নবর্ণিত কর্মকর্তাদিগকে জানায়ে সিএন্ডএফ এজেন্ট সময়মত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেনঃ-

১। ক্রয় বিভাগীয় প্রধান, ইষ্টার্ন কেবলস্ লিমিটেড, ২। হিসাব বিভাগীয় প্রধান, ইষ্টার্ন কেবলস লিমিটেড।

(খ) সিএন্ডএফ এজেন্ট অথবা কোম্পানী যদি মনে করেন যে, কাষ্টম ডিউটি, সেলস ট্যাক্স, পোর্ট চার্জ ইত্যাদি ভুলবশতঃ প্রয়োজনের অতিরিক্ত চার্জ করা হয়েছে, তাহলে নিম্নবর্ণিত কর্মকর্তাদেরকে জানায়ে সিএন্ডএফ এজেন্ট যথাযথ কর্তৃপক্ষের নিকট দাবী/ক্লেইম পেশ করে আদায়ের ব্যবস্থা গ্রহন করবেনঃ-

১। ক্রয় বিভাগীয় প্রধান, ইষ্টার্ন কেবলস্ লিমিটেড, ২। হিসাব বিভাগীয় প্রধান, ইষ্টান কেবলস লিমিটেড।

(গ) বর্ণিত দাবী/ক্লেইম এর ব্যাপারে সিএন্ডএফ এজেন্ট সর্বদা সজাগ দৃষ্টি রাখবেন এবং সময় সময় তাগাদা প্রদান করবেন, যাহাতে সম্ভাব্য স্বল্প সময়ের মধ্যে দাবী/ক্লেইমের টাকা আদায় হয়। প্রয়োজনে সিএন্ডএফ এজেন্ট এই ব্যাপারে ক্রয় বিভাগীয় প্রধান এর ব্যক্তিগত সাহায্য ও সহযোগিতা কামনা করতে পারেন।

চলমান পাতা-৬

(ঘ) সমস্ত দলিলাদি হস্তান্তর করার পর তিন মাস সময়কালের মধ্যে দাবী/ক্লেইম যদি আদায় না হয়, তাহা হলে সিএন্ডএফ এজেন্টকে সম্পূর্নরূপে দায়ী করা হবে এবং কনসাইনমেন্ট আর/ডির উপর এসেস করা হলে এই সময়ের আর/ডি ফরমালিটিস সম্পন্ন করতে হবে।

২২। **ইনডেমনিটি বন্ড ঃ**

শিপিং ডকুমেন্ট/জাহাজী দলিলের অভাবে ইনডেমনিটি বন্ডের মাধ্যমে/বিপরীতে কনসাইনমেন্ট খালাস করা হবে। মূল জাহাজী দলিল/শিপিং ডকুমেন্ট উপস্থাপন/দাখিল করার পর কোন রকম কালক্ষেপণ না করে সিএন্ডএফ এজেন্টকে ইনডেমনিটি বন্ড ফেরত নেয়ার ব্যবস্থা করতে হবে। ইহা না পাওয়া পর্যন্ত তাহাদের বিল প্রদান সাময়িকভাবে স্থগিত থাকবে।

২৩। **হিসাব রক্ষণ/রক্ষণাবেক্ষণঃ**

(ক) সিএন্ডএফ এজেন্ট যে সমস্ত কনসাইনমেন্ট খালাস করিবেন তাহার প্রত্যেকটির জন্য পৃথকভাবে এবং যে মালামাল খালাস করা হবে, সে মালামালে হিসাবের বিবরণ পেশ করতে হবে এবং উহার জন্য যথাযথ ভাউচারও প্রদান করতে হবে।

(খ) প্রত্যেক কনসাইনমেন্টের সমুদয় মাল খালাস করে মিলে সরবরাহ করার ১৫(পনের) দিনের মধ্যে পৃথকভাবে যথাযথ ভাউচার সহকারে কমিশন চার্জ সহ ৩ কপি সিএন্ডএফ এজেন্ট এর বিল ক্রয় বিভাগীয় প্রধান এর নিকট পরিশোধের জন্য দাখিল করতে হবে।

(গ) প্রতিটি সিএন্ডএফ বিল এর সাথে এই মর্মে একখানা প্রত্যায়ন পত্র/সার্টিফিকেট থাকতে হবে যে, সিএন্ডএফ এজেন্ট কর্তৃক বিলে বর্ণিত খরচাদি চুক্তি মোতাবেক সন্দেহাতীত ভাবে সত্য। ইহাতে কোন কিছু ভুলবশতঃ চার্জ হয়ে থাকলে কর্তৃপক্ষ উহা সংশোধণ/কর্তন/নিয়মিত বিল/জামানতের টাকা হতে আদায় করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৪। **কাজের বরাদ্দঃ**

(ক) কোম্পানী যে কোন কাজ যে কোন তালিকাভূক্ত সিএন্ডএফ এজেন্টকে দেওয়ার নিজস্ব অধিকার সংরক্ষণ করেন।

(খ) সিএন্ডএফ এজেন্টকে সিএন্ডএফ সংক্রান্ত যে কোন কাজ বরাদ্দ করা হলে, উহা নির্দ্বিধায় করতে বাধ্য থাকবেন। ইহার অন্যথা হলে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা ছাড়াও সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট এর নিয়োগ তাহাদের সাথে কোন যোগাযোগ ছাড়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৫। **বিশেষ শর্তঃ**

**(ক) কর্তৃপক্ষ দরদাতা হতে যেকোন সংখ্যক সিএন্ডএফ এজেন্ট নিয়োগ করা হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সমস্ত দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।**

**(খ) টেন্ডার বা দরপত্রের প্রত্যেক আইটেমের দরদাতাদিগকে কস্ট ব্রেকআপ দাখিল করতে হবে।**

২৬। **কনসাইনমেন্ট ডেলিভারী সম্পর্কিত আদেশঃ**

(ক) কনসাইনমেন্ট ডেলিভারী সম্পর্কিত আদেশাবলীর ব্যাপারে নিম্নেবর্ণিত কর্মকর্তাবৃন্দকে জানাতে হবেঃ-

১। ক্রয় বিভাগীয় প্রধান, ইষ্টার্ন কেবলস্ লিমিটেড
২। হিসাব বিভাগীয় প্রধান, ইষ্টার্ন কেবলস লিমিটেড
৩। ভান্ডার শাখা প্রধান, ইষ্টার্ন কেবলস লিমিটেড

(খ) ডাম্পিং কার্গো অবশ্যই অফিস খোলা থাকা কালীন অবস্থায় যে কোন সময় ডেলিভারী দিতে হবে। অফিস ছুটি হওয়ার পর অথবা রাত্রিকালে বিশেষ কোন অবস্থার পরিপ্রেক্ষিতে ডেলিভারী করতে হলে, তাহা প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে লিখিতভাবে জানায়ে অবশ্যই অনুমোদন নিতে হবে এবং অনুমোদিত পত্র মাল বহনকারীর নিকট দাখিল করতে হবে। অন্যথায় যতক্ষণ না অফিস খোলা হয় ততক্ষণ পর্যন্ত লোডিং ট্রাককে ডিটেনশন চার্জের জন্য কোন রকম প্রশ্ন করা ছাড়া অপেক্ষা করতে হবে।

(গ) যদি এমন দেখা যায় যে, ইসিএল কর্তৃপক্ষ অনুমতি দেওয়া সত্ত্বেও অফিস ছুটির পর সিএন্ডএফ এজেন্ট কার্গো ডেলিভারী করতে ব্যর্থ হয়েছেন, তাহলে অফিস ছুটির পরে অতিরিক্ত কাজে নিয়োজিত প্রতিষ্ঠানের কর্মচারীদের কাজের বিল সিএন্ডএফ এজেন্ট এর নিকট হতে আদায় করা হবে।

চলমান পাতা - ৭

২৭। **এক্সচেইঞ্জ কন্ট্রোল কপিঃ**

(ক) কোন কনসাইনমেন্ট খালাস করে ডেলিভারী সম্পন্ন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিলঅবএন্ট্রি গুলির এক্সচেইঞ্জ কন্ট্রোল কপিসমূহ ক্রয় বিভাগীয় প্রধান এর বরাবরে প্রেরণ করতে হবে। ইহা সম্ভাব্য কমসময়ের মধ্যে সম্পন্ন করতে হবে, অন্যথায় এক্সচেইঞ্জ কন্ট্রোল কপি না পাওয়া পর্যন্ত তাহাদের বিল প্রদান স্থগিত রাখা হবে।

২৮। সিএন্ডএফ এজেন্ট কর্তৃক মালামাল পরিবহনে নিয়োজিত ট্রাক কারখানার অভ্যন্তরে অবস্থিত মালামাল, গাছপালা, দেওয়ালের ক্ষতি করলে সমস্ত ক্ষয়ক্ষতি সিএন্ডএফ এজেন্টকেই বহন করতে হবে।

২৯। **ওয়ার্কম্যান কমপেনসেশনঃ**

উপরোক্ত কাজের জন্য সিএন্ডএফ এজেন্ট কর্তৃক নিয়োজিত কোন শ্রমিক/কর্মচারী কার্য চলাকালে কোন দুর্ঘটনায় পতিত হলে বা মৃত্যু মুখে পতিত হলে শুধু মাত্র সিএন্ডএফ এজেন্টই দায়ী থাকবেন এবং কমপেনসেশন এ্যাক্ট অনুসারে কমপেসেশন দিতে বাধ্য থাকবে। যদি এমন হয় যে কোন আদালত বা সরকারী সংস্থা উপরোক্ত ক্ষতিজনিত কারণে প্রতিষ্ঠানের সিএন্ডএফ এজেন্ট এর, বন্দর কর্তৃপক্ষের বা অন্য কোন লোকের বা লোকদের ব্যাপারে অত্র প্রতিষ্ঠানকে কমপেনসেশন দেওয়ার আদেশ দিয়াছেন সেই ক্ষেত্রেও সিএন্ডএফ এজেন্টকেই উহা পরিশোধ করতে হবে। অন্যথায় এই সমস্ত অংকের অর্থ সিএন্ডএফ এজেন্ট এর বকেয়া বিল/জামানত/অন্য যে কোন পদ্ধতিতে কেটে নেওয়া হবে যার জন্য সিএন্ডএফ এজেন্ট এর কোন রকম অনুমতির প্রয়োজন হবে না।

২৯। **দৈব দুর্বিপাক (ফোর্জ মেজিউর)ঃ**

যদি এমন পরিস্থিতির উদ্ভব হয় যে, প্রাকৃতিক দুর্যোগ/সরকারের অস্থিরতা/অচলাবস্থা/মারামারি/কাটাকাটি/ক্রমাগত হরতাল/বন্ধ ইত্যাদির কারণে চুক্তির শর্ত পূরণ করতে ব্যর্থ হয়েছেন বা দায়িত্ব পালনে বিলম্ব হচ্ছে এবং তা কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত এমতাবস্থায় সিএন্ডএফ এজেন্ট দায়ী হবে না/এহেন অবস্থার মধ্যে সিএন্ডএফ এজেন্ট কে ক্ষিপ্রতার সাথে পরিস্থিতি জানায়ে সম্ভাব্য পদক্ষেপ গ্রহণ পুর্বক কাজ শুরু করতে হবে।

**(কাজী রকিবুল ইসলাম)**
ক্রয় বিভাগীয় প্রধান
পক্ষে ব্যবস্থাপনা পরিচালক

১। দরদাতা/প্রতিষ্ঠানের স্বাক্ষর ও সীল মোহর ..............................................................................

২। দরদাতা/ প্রতিষ্ঠানের বিস্তারিত ঠিকানা

..................................................................................

..................................................................................

..................................................................................

..................................................................................

৩। তারিখ ঃ

৪। টেলিফোন নং- (যদি থাকে) ঃ-

**চলমান পাতা-৮**

ইষ্টার্ন কেবলস্ লিমিটেড
EASTERN CABLES LIMITED
North Patenga, Chittagong – 4204, Bangladesh

দরপত্র নং- ইসি/পার/এসএইচ-৫০৪/সি-১৪ তারিখঃ ২০-০৩-২০২৩ খোলার তারিখঃ ১৩-০৪-২০২৩ সময়ঃ ১২.০০ ঘটিকা

| ক্রমিক নং | সিডিউলের বিস্তারিত বিবরণ | দর |
|---|---|---|

১। কমিশন ঃ-

(ক) চট্টগ্রাম সমুদ্র বন্দও, বেনাপোল স্থও বন্দর/বিমানযোগে ঢাকা ও চট্টগ্রামে আগত কাষ্টমস গোডাউন হতে আমদানীকৃত মালামাল খালাসের জন্যসিএন্ডএফ কমিশন দর (শুল্কায়নযোগ্য মূল্যের উপর প্রতি ১০০ টাকায় দর উদ্ধৃত করতে হবে)।

সমুদ্র বন্দর = টাঃ ......................

বিমান বন্দর = টাঃ ......................

(খ) দফায় দফায় প্রয়োজনানুসারে মালামাল এক্সবন্ড করার জন্য সিএন্ডএফ কমিশন দর। টাঃ ......................

(গ) আমদানীকৃত প্রতি কনসাইনমেন্ট নমুনাসহ চট্টগ্রাম বন্দর/কাস্টমস গুদাম হইতে মালামাল খালাসের জন্য ন্যূনতম সিএন্ডএফ দর(এককালীন নিদিষ্ট অংকে উদ্ধৃত করতে হবে)। টাঃ ......................

২। **পরিবহন** ঃ-

সিপিএ জেটি হতে ইষ্টার্ন কেবল্স্ লিঃ এর গুদাম পর্যন্ত মালামাল পরিবহনের জন্য খরচ ঃ-

| | | | প্রতি ট্রিপ | প্রতি টন |
|---|---|---|---|---|
| (ক) | প্রতি ট্রাক (ভর্তি) | টাকা | - | |
| (খ) | মালামালের গ্রস ওজন ৫ টনের নীচে অথচ ট্রাকের সম্পূর্ণ জায়গা দখল করে | টাকা | - | |

| | | | প্রতি ট্রিপ |
|---|---|---|---|
| (গ) | মালামালের গ্রস ওজন ৫০১ কেজি হইতে ১ মেট্রিক টন পর্যন্ত | টাকা | - |
| (ঘ) | মালামালের গ্রস ওজন ৫১ কেজি হইতে ৫০০ কেজি পর্যন্ত | টাকা | - |
| (ঙ) | মালামালের গ্রস ওজন ১ কেজি হইতে ৫০ কেজি পর্যন্ত | টাকা | - |
| (চ) | খোলা ট্রাকে পরিবহনকৃত মালামালের জন্য ট্রিপ প্রতি পরিবহন খরচ | টাকা | - |
| (ছ) | প্রয়োজন অনুসারে আমদানীকৃত মালামাল সিপিএ ওয়েমেন্ট ব্রীজে ওজন করার জন্য পরিবহন বাবত ট্রাক প্রতি দর | টাকা | - |

৩। **লেবার চার্জ ঃ জেটি**

| | | | |
|---|---|---|---|
| (ক) | জেটি এলাকায় ম্যানুয়েল লেবার চার্জ প্রতি টনের জন্য (ফর্কলিপ্ট/হাইষ্টার অথবা ক্রেনের সাহায্যে মালামাল বোঝাইয়ের সময় শ্রমিক নিযুক্ত হলে) | টাকা | - |
| (খ) | জেটি এলাকায় ম্যানুয়েল লেবার চার্জ (ফর্কলিপ্ট/হাইষ্টার অথবা ক্রেনের সাহায্যে ছাড়া মালামাল বোঝাইয়ের সময় শ্রমিক নিযুক্ত হলে) | টাকা | - |
| (গ) | একটি ছোট কনসাইনমেন্ট বোঝাইয়ের জন্য ন্যূনতম ম্যানুয়েল লেবার চার্জ (দর এককালীন নির্দ্দিষ্ট অংকে উদৃত করতে হবে ) | টাকা | - |

৪। **লেবার চার্জ ঃ ইষ্টার্ন কেবলস্ লিমিটেড**

| | | | |
|---|---|---|---|
| (ক) | ইষ্টার্ন কেবলস লিমিটেড এর অভ্যন্তরে ফর্কলিপ্ট/হাইষ্টার অথবা ক্রেনের সাহায্যে প্রতি টন মালামাল খালাসের ক্ষেত্রে লেবার চার্জ (ম্যানুয়েল) | টাকা | - |
| (খ) | ইষ্টার্ন কেবলস লিমিটেড এর অভ্যন্তরে ফর্কলিপ্ট/হাইষ্টার অথবা ক্রেনের সাহায্য ছাড়া প্রতি টন মালামাল খালাসের ক্ষেত্রে লেবার চার্জ (ম্যানুয়েল) | টাকা | - |
| (গ) | একটি ছোট কনসাইনমেন্ট খালাসের জন্য ন্যূনতম ম্যানুয়েল লেবার চার্জ (দর এককালীন নিদিষ্ট অংশে উদ্ধৃত করতে হবে) | টাকা | - |

৫। অন্যান্য ঃ

**অতিরিক্ত ম্যানুয়েল লেবার চার্জ জেটি/ইষ্টার্ন কেবলস লিঃ (উভয় স্থানের জন্য) (যদি প্রয়োজন হয়)**

(ক) (১) রি-ব্যাগিং/রি-পেকিং, ষ্টিচিং, ষ্টেকিং
(২) ওয়েমেন্ট/সার্ভে/ষ্টেকিং
(৩) অস্বাভাবিক ষ্টেকিং অথবা ওভার ষ্টেকিং ইত্যাদি (প্রতিটনের ভিত্তিতে) টাকা -

মোট টাকা -

চলমান পাতা- ৯

## ঃ ঘোষনা ঃ

আমি/আমরা এই মর্মে ঘোষনা করছি যে, সংযুক্ত সিডিউলে বর্ণিত সকল তথ্য ও দর আমি/আমরা যথাযথভাবে পূরণ করেছি এবং টেন্ডার সিডিউলে বর্ণিত সকল নিয়ম ও শর্তাবলী যথাযথভাবে মেনে চলতে বাধ্য থাকব।

স্বাক্ষর.........................................................................

দরদাতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা
...................................................................................
...................................................................................
...................................................................................
...................................................................................
...................................................................................
...................................................................................
............................................................

তারিখ ঃ- ...............................................................................

টেলিফোন নং- ঃ-
(ক) টিএন্ডটি ঃ ...............................................................
(খ) মোবাইল ঃ ...............................................................
(গ) ফ্যাক্স/মেইল নং ঃ .....................................................

সংযুক্তি ঃ
ডিমান্ড ড্রাফট্/ পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টি নং ঃ ...............................
তারিখ ঃ ...........................................................................
টাকা ঃ ................................... কথায় ...............................
............................................................................
ব্যাংক ঃ.........................................................................

চলমান পাতা-১০।

**Schdule – 'B'**

# LETTER OF ASSURANCE FORM
# ON THE BANK'S LETTER HEAD

**Eastern Cables Limited**
North Patenga,
Chattogram.

Dear Sir,
We understand that M/S........................................................................................... have applied to you for appointment as C&F Agents under your control, we furnished in your favour an unconditional and irrevocable Bank Guarantee for a sum of Tk. 5,00,000.00 (Five lac) only valid for a perioed upto 31.12.2026 as and when required.

**Seal of the Bank** **Signature of the Authorised officer of the Bank**
Dated...............................